শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

# কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪
# Comilla Palli Bidyut Samity-4

জেনারেল ম্যানেজারের কার্যালয়ঃ
লাকসাম, কুমিল্লা।
web: www.pbs4.comilla.gov.bd
e-mail: comillapbs4@gmail.com
Phone : 08032-51278

স্মারক নং-২৭.১২.১৯৭২.৫৭৬.০২.০০৮.১৯. ৫৫৫৮ তারিখঃ ২৬ নভেম্বর, ২০১৯ খ্রিষ্টাব্দ
১১ অগ্রহায়ণ, ১৪২৬ বঙ্গাব্দ

## "আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি"

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪ এর নিম্নোক্ত শূন্য পদ পূরণের লক্ষ্যে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪ ও ৩০০-২৪ ও ৩০০-৫১ এবং পবিস চাকুরীবিধি ১৯৯২ (সংশোধিত-২০১২) অনুযায়ী পদোন্নতির যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের নিকট থেকে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

### পদের নাম: লাইন টেকনিশিয়ান

**০১। আবেদন করার নিয়মাবলী :**

আবেদনকরীকে খামের উপরে পদের নাম উল্লেখ করে স্বহস্তে লিখিত আবেদন পত্রে (ক) নিজের নাম, (খ) পিতার নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জন্ম তারিখ, (ছ) বয়স, (জ) জাতীয়তা, (ঝ) ধর্ম, (ঞ) শিক্ষাগত যোগ্যতা, (ট) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ, (ঠ) চাকুরীতে প্রথম নিয়মিত করনের তারিখ এবং লাইনম্যান গ্রেড-১ পদে পদোন্নতি ও নিয়মিত করনের তারিখ উল্লেখ পূর্বক সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার এর সুস্পষ্ট সুপারিশসহ আবেদনপত্র সহকারে আগামী ১০/১২/২০১৯ খ্রিঃ তারিখ রোজ-মঙ্গলবার সকাল ১১:০০ ঘটিকায় কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪ এর সদর দপ্তর, লাকসাম, কুমিল্লাতে স্ব-শরীরে উপস্থিত হয়ে পদোন্নতি পরীক্ষায় অংশ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

**০২। আবেদনের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ**

(ক) বর্তমান পদে যোগদান ও নিয়মিতকরণ পত্রের ফটোকপি।
(খ) পবিস নির্দেশিকা ৩০০-০৮/৩০০-৫১ অনুযায়ী প্রযোজ্য প্রশিক্ষণে কৃতকার্য হওয়ার প্রমান পত্রের ফটোকপি।
(গ) সর্বশেষ ০৩ (তিন) বৎসরের বার্ষিক কর্মমূল্যায়ন প্রতিবেদনের ফটোকপি।
(ঘ) হালনাগাদ ড্রাইভিং লাইসেন্স এর ফটোকপি।
(ঙ) সাম্প্রতিক কালের তোলা পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি রঙ্গিন ছবি।
(চ) আবেদনকারীকে পদোন্নতি প্রদানের জন্য সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর সুস্পষ্ট সুপারিশ থাকতে হবে।
(ছ) বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান নেই অথবা চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন নেই অথবা সর্বশেষ ০৩ (তিন) বছরে কোনরূপ গুরুদন্ড প্রাপ্ত হন নাই অথবা সর্বশেষ ০১ (এক) বছরে কোনরূপ লঘুদন্ড প্রাপ্ত হন নাই অথবা বিগত ০৫ (পাঁচ) বছরের ভিতর একের অধিক বার গুরুদন্ড প্রাপ্ত হন নাই অথবা বিগত ০৪ (চার) বছরের ভিতর একবার গুরুদন্ড এবং একবার লঘুদন্ড প্রাপ্ত হন নাই অথবা বিগত ০৩ (তিন) বছরের ভিতর একের অধিক বার গুরুদন্ড প্রাপ্ত হন নাই; মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।
(জ) পদোন্নতির জন্য ০৩ (তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্তানুযায়ী অযোগ্য বিবেচিত/ ঘোষিত হয়েছেন; এ ধরনের প্রার্থীকে পদোন্নতির বিবেচনা করা হবে না।
(ঝ) সকল কাগজপত্র এজিএম(এডমিন/এইচআর) কর্তৃক সত্যায়িত হতে হবে।

**০৩। প্রার্থীর যোগ্যতা :**

(ক) লাইনম্যান গ্রেড-১ পদে নিয়মিত হিসেবে ন্যূনতম ০৩(তিন) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।
(খ) বিদ্যুৎ বিতরণ সুবিধা সৃষ্টিতে লাইন নির্মাণ, রক্ষণাবেক্ষণ ও পরিচালনায় পর্যাপ্ত জ্ঞান ও অভিজ্ঞতা থাকতে হবে।
(গ) পবিস নির্দেশিকা ৩০০-০৮ অনুযায়ী লাইনম্যান ট্রেনিং সমাপ্ত হতে হবে।
(ঘ)বৈদ্যুতিক লাইন, ষ্টেকিং শীট, বাপবিবোর্ডের নির্মাণ নীতিমালা এবং বিতরণ লাইনের রক্ষণাবেক্ষণ জ্ঞান থাকতে হবে।
(ঙ) জরুরী প্রাথমিক চিকিৎসায় প্রশিক্ষণ ও পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।

জেনারেল ম্যানেজারের কার্যালয়ঃ
লাকসাম, কুমিল্লা।
web: www.pbs4.comilla.gov.bd
e-mail: comillapbs4@gmail.com
Phone : 08032-51278

# কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪
## Comilla Palli Bidyut Samity-4

(চ) প্রার্থীকে অবশ্যই পোলের উপর উঠা এবং পোলে উঠে কাজ করার ক্ষমতা থাকতে হবে।
(ছ) লাইনম্যান গ্রেড-১ পদের সর্বশেষ ০৩(তিন) বৎসরের বার্ষিক কর্মমূল্যায়নের গড় রেটিং অবশ্যই ৩.৫০ প্রাপ্ত হতে হবে।

০৫। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বৎসরের জন্য লাইন টেকনিশিয়ান (চলতি দায়িত্ব) পদে নিয়োগ দেয়া হবে। চলতি দায়িত্বে থাকাকালীন কর্মমূল্যায়ণ সন্তোষজনক ও অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে লাইন টেকনিশিয়ান পদে নিয়মিত করা হবে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি অথবা পূর্ববর্তী পদে ফেরত প্রদান করা যেতে পারে।

০৬। অতীত কর্মসম্পাদন মান ও নির্বাচনী পরীক্ষা সন্তোষজনক হওয়া সাপেক্ষে যোগ্যতাসম্পন্ন আবেদনকারীদের মধ্যে জ্যেষ্ঠতার অনুসারে প্যানেল তৈরী করা হবে। প্রয়োজন অনুযায়ী জ্যেষ্ঠতার ভিত্তিতে প্যানেল হতে নিয়োগ প্রদান করা হবে।

০৭। সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৩ ও ৩০০-১৭ অনুযায়ী প্রার্থীর বেতন ভাতাদি সংরক্ষণ করা হবে।

০৮। পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য নয়। তবে অত্র পবিসের ভৌগোলিক এলাকার (কুমিল্লা জেলার লাকসাম, নাঙ্গলকোট ও মনোহরগঞ্জ উপজেলার) স্থায়ী বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নাই।

০৯। পবিস চাকুরী বিধির ধারা ৭ মোতাবেক চাকুরী বৃত্তান্ত সন্তোষজনক হতে হবে।

১০। অত্র পবিসে কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারী বা এলাকা পরিচালক/মহিলা পরিচালকগনের স্বামী/স্ত্রীর সহিত রক্ত সম্পর্কীয় কোন প্রার্থীর আবেদন করার প্রয়োজন নাই। তথ্য গোপন করে কোন প্রার্থী আবেদন করলে/নিয়োগ প্রাপ্ত হলে তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১। তথ্য গোপন করে যদি কেউ নিয়োগপ্রাপ্ত হন এবং পরবর্তীতে প্রমানিত হয় তাব তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাকে চাকুরীচ্যুত করা হবে।

১২। পরীক্ষায় অংশ গ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩। শর্তাবলীতে উল্লেখ নেই এমন কোন বিষয়ে জটিলতা সৃষ্টি হলে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

১৪। যে কোন আবেদনপত্র এবং এই নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

26/11/17

(প্রকৌঃ দীলিপ চন্দ্র চৌধুরী)
জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)
মোবাইল : ০১৭৬৯-৪০২১৭৩

**অনুলিপিঃ (সদয় অবগতির জন্য)**

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল)/পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.....................১/২/৩/৪। (বিজ্ঞপ্তিটি আপনার পবিসের নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।)
০৪। ডিজিএম, (সদর দপ্তর-কারিগরী)/নাঙ্গালকোট/মনোহরগঞ্জ জোনাল অফিস, কুমিল্লা পবিস-৪।
০৫। এজিএম (অর্থ/প্রশাসন/সদস্য সেবা/ওএন্ডএম), কুমিল্লা পবিস-৪।
০৬। নোটিশ বোর্ড, কুমিল্লা পবিস-৪।
০৭। অফিস কপি/মাষ্টার কপি।

26/11/17

(প্রকৌঃ দীলিপ চন্দ্র চৌধুরী)
জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)